

## Model Activity Task 2021 October

### Model Activity Task Part –7| Class-5 | Bengali

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | অক্টোবর

### পঞ্চম শ্রেণী| বাংলা | পার্ট -৭

#### ১. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

১.১ ‘অবশেষে দীর্ঘ যাত্রা শেষে তারা ভগবানের প্রাসাদে পৌঁছল।

– কাদের কথা বলা হয়েছে? তারা ভগবানের প্রাসাদে গিয়েছিল কেন?

উত্তরঃ প্রশ্নোদ্ধৃত অংশটি ‘পাহাড়িয়া বর্ষার সুরে’ গদ্যাংশ থেকে গৃহীত হয়েছে। ব্যাঙ, মৌমাছি, মগুরগ এবং ক্ষুধার্ত বাঘের কথা বলা হয়েছে।

বৃষ্টি না হওয়ার কারণে একবার পৃথিবীতে খুব খরার প্রভাবে মানুষ পশুপাখি, গাছপালা সমস্ত কিছু ধ্বংস হয়ে গিয়েছিল।তখন পৃথিবীর সমস্ত জন্তুরা এক হয়ে ঠিক করে ভগবানের কাছে গিয়ে জিজ্ঞাসা করবে তার সৃষ্টিকে অবহেলার কারণ।

১.২ ‘আমার যেন লাগল ভারী ভালো’

কোন দৃশ্য কথকের ভারী ভালো লেগেছে?

উত্তরঃ আলোচ্য কবিতাংশটি মৈত্রেয়ী দেবী রচিত ‘ঝড়’ কবিতা থেকে গৃহীত হয়েছে।

একদিন দুপুরবেলা হাটবারে মাঠের ধারে কথক খেলতে গিয়ে দেখেন চারিদিক থেকে এলোমেলো বাতাস বইছে।সবাই বলল ঝড় আসছে।ঝড়ে ঢেকে যাওয়া কালো আকাশ, বকুলতলা, চাঁপার বন, কালো জলে পাড়ি দিয়ে মাঝিদের তাড়াতাড়ি বাড়ি ফিরে আসা- এ সমস্ত কিছুই কথকের ভারি ভালো লাগে।

১.৩ ‘লোকে বলে, মন্ত্র জানা চাই।

- কীসের মন্ত্র। মধু আনতে বাঘের মুখে’ রচনাংশে ‘মন্ত্র জানা লোকটির নাম কী ?

উত্তরঃ আলোচ্য অংশটি শিবশংকর মিত্র রচিত ‘মধু আনতে বাঘের মুখে’ নামক রচনাংশ থেকে গৃহীত হয়েছে।এখানে মৌমাছিকে ভুল পথে চালিত করার মন্ত্রের কথা বলা হয়েছে।

মৌচাক যে কেউ কাটতে পারে না, তার জন্য মন্ত্র জানা চাই‘মধু আনতে বাঘের মুখে’ রচনাংশে ‘মন্ত্র’ জানা লোকটির নাম হল ধনাই।

১.৪ ‘মুকুট হয়ে ঝাঁক বেঁধেছে লক্ষ হীরার মাছ।

– কী দেখে কবির এমন মনে হতো?

উত্তরঃ অশোকবিজয় রাহা রচিত 'মায়াতরু' কবিতা থেকে আলোচ্য উদ্ভৃতিটি নেওয়া হয়েছে।

• লেখক কবিতায় একটি গাছের বিচিত্র রূপের কথা খুব সুন্দর ভাবে বর্ণনা করেছেন। এক পশলা বৃষ্টি শেষে যখন চাঁদ উঠত তখন গাছটির পাতাগুলিকে দেখে মনে হত ঝাঁক বেঁধে লক্ষ্য লক্ষ্য হীরার মাছ গাছটির মাথায় মুকুট হয়ে গেছে।

**১.৫ ...কান্নায় ভেঙে পড়ল ছোট্ট ফণীমনসা গাছ।**

**ছোট্ট ফণীমনসা গাছ কান্নায় ভেঙে পড়ল কেন?**

উত্তরঃ উদ্ভৃতাংশটি বীরু চট্টোপাধ্যায় রচিত 'ফণীমনসা ও বনের পরি' ছোট নাটক থেকে গৃহীত হয়েছে।

ছোট্ট ফণীমনসা গাছটি বনের পরীকে বলেছিল তার পাতাগুলিকে যেন সোনার পাতা করে দেয়। বনের পরী তার মনের ইচ্ছাপূরণ করেছিল। হঠাৎ সেই সময়ই একদল ডাকাত ফণীমনসা গাছের সমস্ত সোনার পাতা লুট করে নিয়ে চলে যায় আর তখনই সেই ছোট্ট ফণীমনসা গাছ কান্নায় ভেঙে পড়ে।

**২. নীচের ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও :**

**২.১ নীচের বাক্যগুলিতে স্ত্রীলিঙ্গবাচক শব্দগুলিকে বদলে বাক্যগুলিকে পুনরায় লেখ :**

**২.১.১ গিন্নি-মায়ের আদেশে সকলে একসঙ্গে চলল।**

উত্তরঃ কর্তা বাবুর আদেশে সকলে একসঙ্গে চলল।

**২.১.২ তীর্থর দিদি কলেজের অধ্যাপিকা।**

উত্তরঃ তীর্থর দাদা কলেজের অধ্যাপক।

**২.১.৩ পাঠকাদের সমাগমে লেখিকা একে একে সব প্রশ্নের উত্তর দিলেন।**

উত্তরঃ পাঠকদের সমাগমে লেখক একে একে সব প্রশ্নের উত্তর দিলেন।

**২.২ লিঙ্গ পরিবর্তন কর : (পুংলিঙ্গ থেকে স্ত্রীলিঙ্গ)**

**২.২.১ কবি**

উত্তরঃ মহিলা কবি

**২.২.২ গুণবান।**

উত্তরঃ গুণবতী